

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৭.১০৩

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮

১১ এপ্রিল ২০২২

বিষয়: নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয় এর ৫২.২৫ শতাংশ জমির আরএস এবং সিটি জরিপ সংশোধনপূর্বক বিদ্যালয়ের নামে রেকর্ড করানো এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অধিগ্রহণকৃত ১৭ শতাংশ জমির ক্ষতিপূরণের অর্থ বিদ্যালয়কে প্রদানের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

সূত্র: প্রধান শিক্ষক, নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর ০৬.০২.২০২২ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রধান শিক্ষক, নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয় সূত্রোক্ত পত্রে জানিয়েছেন যে, ৭৯০৭ নং দলিল তারিখ ২৮/০৬/১৯৬৫, ৯৪০৭ নং দলিল তারিখ ৩০/০৯/১৯৬৯ ও ৫০৩ নং দলিল তারিখ ২৫/০২/১৯৯০ মূলে ৫২.২৫ শতাংশ জমির মালিক নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয়। কিন্তু উক্ত জমি আরএস এবং সিটি জরিপে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে শিক্ষা বিভাগ এর নামে রেকর্ড হয়েছে। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের জন্য বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ বিদ্যালয়ের ১৭ শতাংশ জমি অধিগ্রহণপূর্বক তিনটি ভবন ভেঙে অপসারণ করেছেন।

০২। এমতাবস্থায়, উক্ত ৫২.২৫ শতাংশ জমির আরএস ও সিটি জরিপ সংশোধনপূর্বক বিদ্যালয়ের নামে রেকর্ড করানো এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অধিগ্রহণকৃত ১৭ শতাংশ জমির ক্ষতিপূরণের অর্থ বিদ্যালয়কে প্রদানের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১১-৪-২০২২

মোছাঃ শাম্মী আক্তার

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

বিতরণ :

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৭.১০৩/১(৫)

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮

১১ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) প্রধান শিক্ষক, নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয়, ঢাকা
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অফিস কপি, বেসরকারি মাধ্যমিক-১



১১-৪-২০২২

মোছাঃ শাম্মী আক্তার  
উপসচিব